



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখঃ ২৬.১১.২০১৯ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পাওয়ার সাব স্টেশনের উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয় এ নতুন এক হাজার কেভিএ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক সাব স্টেশন স্থাপন করা হয়েছে। মঙ্গলবার (২৬ নভেম্বর) বিকাল ৪ টায় উপাচার্য প্রফেসর ড. মোঃ ছাদেকুল আরেফিন নতুন এ সাব স্টেশনের উদ্বোধন করেন। নতুন এ সাব স্টেশনের ফলে বিশ্ববিদ্যালয়ের বিদ্যুৎ বিভ্রাট ও লোডশেডিং একদম কমে যাবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। উদ্বোধন শেষে উপাচার্য জানান, যোগদানের পরদিন থেকেই আমি বিশ্ববিদ্যালয়ের সমস্যা গুলো চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা নেবার চেষ্টা করছি। তারই ধারাবাহিকতায় যখনই এই সাব স্টেশনের ব্যাপারটা আমার নজরে এসেছে আমি দ্রুত সেটা চালু করার উদ্যোগ নেই। আশাকরি নতুন এ সাবস্টেশন চালু হবার ফলে এখন থেকে বিশ্ববিদ্যালয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ অব্যাহত থাকবে। উল্লেখ্য, ২০১৭ সালে বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিজস্ব পাওয়ার স্টেশন চালুর উদ্যোগ নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়স্থ শেখ হাসিনা হলের পার্শ্ববর্তী জায়গায় এ সাব স্টেশনের জন্য জায়গা নির্ধারণ করা হয়। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে ইতোমধ্যে ৮৮ টি বৈদ্যুতিক খুঁটি (পাওয়ার পোল) স্থাপন করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস